**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
drro.comilla.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০১৩.২৫.**২৯৮**

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩২
২০ এপ্রিল ২০২৫

প্রেরক: **জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা**, কুমিল্লা

প্রাপক: **উপজেলা নির্বাহী অফিসার**, .......................(সংশ্লিষ্ট সকল), কুমিল্লা

বিষয়: **২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী ৩য় কিস্তির নগদ অর্থ (টাকা) উপবরাদ্দ প্রদান।**

সূত্র: ১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর ২৭ মার্চ ২০২৫ তারিখের ৪৮ নম্বর স্মারক
২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২৭-০৩-২০২৫ তারিখের ৪৪ নম্বর মঞ্জুরি আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী ৩য় কিস্তিতে বরাদ্দকৃত নগদ অর্থ (টাকা) দ্বারা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ছকে উল্লিখিত প্রকল্পের প্রস্তাব সংশ্লিষ্ট পৌরসভার প্রশাসক হতে পাওয়া যায়। প্রাপ্ত প্রকল্প প্রস্তাব অদ্য ২০ এপ্রিল ২০২৫ তারিখ অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির সভায় চুড়ান্ত অনুমোদন হওয়ায় অনুমোদিত প্রকল্পসমুহ বাস্তবায়নের জন্য এ সাথে সংযোজিত অনুমোদিত তালিকায় প্রকল্পের পার্শ্ব কলামে প্রদর্শিত নগদ অর্থ (টাকা) শর্তসাপেক্ষে উপবরাদ্দ প্রদান করা হল।

| **ক্রম** | **উপজেলার নাম** | **পৌর প্রশাসকের কার্যালয়ের প্রকল্প প্রস্তাবের স্মারক নম্বর ও তারিখ** | **অনুমোদিত প্রকল্প সংখ্যা** | **উপবরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ (টাকা)** |
|---|---|---|---|---|
| ১. | দাউদকান্দি | স্মারক নম্বর: ৫২৫<br>তারিখ: ২০/০৪/২০২৫ | ০৪ | ৮,৩৫,৩১৬.৯৬<br>(আট লক্ষ পঁয়ত্রিশ হাজার তিনশত ষোল দশমিক নয় ছয়) |
| ২. | হোমনা | স্মারক নম্বর: ১০৩<br>তারিখ: ২০/০৪/২০২৫ | ০৪ | ৭,২০,৭১৮.৪৫<br>(সাত লক্ষ বিশ হাজার সাতশত আঠার দশমিক চার পাঁচ) |
| ৩. | দেবিদ্বার | স্মারক নম্বর: ২৯৯/১<br>তারিখ: ২০/০৪/২০২৫ | ০৮ | ১২,৯৯,৪১৪.৯১<br>(বার লক্ষ নিরানব্বই হাজার চারশত চৌদ্দ দশমিক নয় এক) |
| ৪. | চান্দিনা | স্মারক নম্বর: ২০৩<br>তারিখ: ১৭/০৪/২০২৫ | ০৫ | ৯,৪৩,৪৬৯.০০<br>(নয় লক্ষ তেতাল্লিশ হাজার চারশত উনসত্তর) |
| ৫. | বরুড়া | স্মারক নম্বর: ১৫৪<br>তারিখ: ১৬/০৪/২০২৫ | ৭ | ১৩,২২,৪৫০.৪০<br>(তের লক্ষ বাইশ হাজার চারশত পঞ্চাশ দশমিক চার শূন্য) |
| ৬. | লাকসাম | স্মারক নম্বর: ৫৫৫<br>তারিখ: ১৭/০৪/২০২৫ | ১৩ | ১৫,১৩,১৪৩.১৩<br>(পনের লক্ষ তের হাজার একশত তেতাল্লিশ দশমিক এক তিন) |
| ৭. | নাঙ্গালকোট | স্মারক নম্বর: ৬৮<br>তারিখ: ১০/০৪/২০২৫ | ০৪ | ৭,৩৭,৯৭৪.০০<br>(সাত লক্ষ সাঁইত্রিশ হাজার নয়শত চুয়াত্তর) |
| ৮. | চৌদ্দগ্রাম | স্মারক নম্বর: ৭৭<br>তারিখ: ১৭/০৪/২০২৫ | ০৪ | ৭,১৫,০৫৬.৮০<br>(সাত লক্ষ পনের হাজার ছাপ্পান্ন দশমিক আট শূন্য) |
| **মোট** | **পৌরসভা-৮** | **-** | **৪৯** | **৮০৮৭৬০৩.৩১**<br>**(আশি লক্ষ সাতাশি হাজার ছয়শত তিন দশমিক তিন এক)** |

২। এই ব্যয় ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট কোড নম্বর ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।

৩। এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

**শর্তাবলী:**

১. ২০২৪-২০২৫ অর্থ বছরে বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির ৩য় কিস্তির প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ আগামী ৩০/০৪/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

২. এ কর্মসূচির বরাদ্দকৃত অর্থের ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও টিআর নির্দেশিকা ২০২১ (সংশোধিত) বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

চলমান পাতা-২

৩. প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে;
৪. নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে;
৭. বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে পিআইসি গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করতে হবে;অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
৮. গৃহিত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি নির্ধারিত ছকে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;
৯. বাস্তবায়িত প্রকল্পের মাস্টাররোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে;
১০. নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;
১১. উপজেলা নির্বাহী অফিসার উপবরাদ্দপত্রটি তাঁর ওয়েবসাইটে আপলোড করবেন এবং উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র আপলোড করবেন।

সংযুক্ত: অনুমোদিত প্রকল্প তালিকা ......... (..........) পাতা।

২০/০৪/২০২৫
**মোহাম্মদ আবেদ আলী**
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২-৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০-৭১৬৬৯৯
drrocomilla@ddm.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০১৩.২৫.**২৯৮**

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩২ / ২০ এপ্রিল ২০২৫

অনুলিপি; সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. পরিচালক (কাবিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৫. জেলা প্রশাসক, কুমিল্লা
৬. উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. উপপরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
৮. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা
৯. প্রশাসক, ...........................................পৌরসভা (সকল), কুমিল্লা
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, .....................(সংশ্লিষ্ট সকল), কুমিল্লা
১১. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .......................(সংশ্লিষ্ট সকল), কুমিল্লা
১২. সংরক্ষণ নথি

২০/০৪/২০২৫
**মোহাম্মদ আবেদ আলী**
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা